মুজিবনগরে ডাকাতির প্রস্তুতিকালে সেনাবাহিনীর হানা, পিস্তল, গুলি ও গাঁজা উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুরে ডাকাতির প্রস্তুতিকালে অভিযান চালিয়ে ১টি ওয়ান শ্যুটার পিস্তল, ১টি লাইভ অ্যামুনিশন এবং ৫ গ্রাম গাঁজা উদ্ধার করেছে সেনাবাহিনী।

গতকাল সোমবার রাত ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত মহাজনপুর কবরস্থানের পাশে একটি আমবাগানে সেনাবাহিনীর একটি টিম গোয়েন্দা তথ্যের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করে।

অভিযানের সময় ডাকাত দল সেনাবাহিনীর উপস্থিতি টের পেয়ে পালিয়ে যায়। পরে তল্লাশি চালিয়ে আমবাগানে অবস্থিত একটি ছাপড়ি ঘর থেকে ১টি ওয়ান শ্যুটার পিস্তল, ১টি লাইভ অ্যামুনিশন এবং ৫ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত অবৈধ অস্ত্র, অ্যামুনিশন এবং গাঁজা পরবর্তীতে মুজিবনগর থানায় পুলিশের নিকট হস্তান্তর করা হয়।

গাংনীতে পাটজাত মোড়ক ব্যবহার না করায় দুই ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরের গাংনীতে পাটজাত মোড়ক ব্যবহার না করার অপরাধে গাংনী বড় বাজারের চাউল ব্যবসায়ী কাবরান আলী ও সালাউদ্দিন নামের দুই ব্যবসায়ীকে ভ্রাম্যমান আদালতে জরিমানা করা হয়েছে।

মঙ্গলবার (২১ অক্টোবর) দুপুরে গাংনী বড় বাজারে অভিযান চালিয়ে এ জরিমানা আদায় করা হয়। অভিযানে নেতৃত্ব দেন গাংনী উপজেলা সহকারী

কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাবিদ হোসেন।

অভিযানে নেতৃত্বে থাকা নির্বাহী ম্যাজিস্ট্রেট নাবিদ হোসেন জানান পাট জাত মোড়কের ব্যবহার নিশ্চিত করতে গাংনী বড় বাজার এলাকার একাধিক ব্যবসায়ী প্রতিষ্ঠানে তদারকি ও অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে পাট জাত মোড়কের ব্যবহার না থাকায় দুই ব্যবসায়ী প্রতিষ্ঠানের মালিককে ম্যান্ডেটরি জুট প্যাকেজিং অ্যাক্ট- ২০১০ এর ৪ ও ১৪ ধারা অনুযায়ী কাবরান ট্রেডার্সে ৫ হাজার টাকা ও সরফ এন্টারপ্রাইজে ৩ হাজার টাকা সর্বমোট ৮ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এ সময় মেহেরপুর জেলা পাট উন্নয়ন কর্মকর্তা আ.কা.ম হারুন অর রশিদ সহ গাংনী থানা পুলিশের একটি টিম অভিযান পরিচালনায় সহযোগিতা করেন।

জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান প্রশাসনের ওই কর্মকর্তা

গাংনীতে বাড়িভাড়া ও ভাতা সংক্রান্ত প্রজ্ঞাপন বাতিলের দাবিতে শিক্ষকদের সমাবেশ

এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়িভাড়া ২০% ও চিকিৎসা ভাতা ১,৫০০ টাকা এবং কর্মচারীদের ৭৫% উৎসব ভাতার প্রজ্ঞাপন বাতিলের দাবিতে গাংনীতে সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা কলেজ শিক্ষক ও কর্মচারী সমিতির উদ্যোগে আজ মঙ্গলবার সকাল ১১টার দিকে গাংনী উপজেলা পরিষদের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশের সভাপতিত্ব করেন উপজেলা কলেজ শিক্ষক সমিতির সভাপতি ও

গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক বেদারুল ইসলাম। সঞ্চালনায় ছিলেন সাধারণ সম্পাদক আবু সায়েম পল্টু।

সমাবেশে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের আহ্বায়ক ও গাংনী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন বলেন, আমরা শিক্ষকরা শ্রেণিকক্ষে থাকতে চাই। আগের শিক্ষা উপদেষ্টার সুপারিশ অনুযায়ী ২০% বাড়িভাড়া, ১,৫০০ টাকা চিকিৎসা ভাতা এবং কর্মচারীদের ৭৫% উৎসব ভাতার প্রতিশ্রুতি বাস্তবায়নের দাবি জানাই।

তিনি শিক্ষা মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের কর্মকর্তা- কর্মচারীদের উদ্দেশে বলেন, আপনারা কেউ না কেউ শিক্ষকের ছাত্র, অথচ শিক্ষকদের দাবির বিষয়ে ইতিবাচক কোনো পদক্ষেপ নিচ্ছেন না। বরং অনেক সময় শিক্ষকদের প্রাপ্য সুবিধা আদায়ে বাঁধা সৃষ্টি করছেন যা শিক্ষক সমাজের জন্য লজ্জাজনক।

তিনি অনতিবিলম্বে শিক্ষকদের ন্যায্য দাবির পক্ষে প্রজ্ঞাপন জারির আহ্বান জানান এবং হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, শিক্ষকদের দাবির প্রতি উপযুক্ত সাড়া না পেলে ঢাকা কেন্দ্রীক বৃহত্তর আন্দোলনের মাধ্যমে দাবি আদায় করা হবে। শিক্ষকরা ক্লাসে ফিরতে চান, কিন্তু তাদের ন্যায্য দাবি মানা না হলে ঐক্যবদ্ধ আন্দোলনের বিকল্প থাকবে না।

তিনি আরও বলেন, বর্তমানে অনেক শিক্ষক মাত্র ১২,৫০০ টাকা বেতন পান, যা অপ্রতুল ও অমানবিক। তাই ৫০০ টাকার বাড়িভাড়ার প্রজ্ঞাপন বাতিল করে ২০% বাড়িভাড়া, ১,৫০০ টাকা চিকিৎসা ভাতা এবং কর্মচারীদের ৭৫% উৎসব ভাতার প্রজ্ঞাপন দ্রুত জারি করতে হবে।

প্রধান উপদেষ্টা শিক্ষক, শিক্ষা উপদেষ্টা শিক্ষক, পরিকল্পনা উপদেষ্টা শিক্ষক অথচ শিক্ষকদের ন্যায্য দাবিগুলো বাস্তবায়ন হচ্ছে না, যা অত্যন্ত দুঃখজনক।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন তেরাইল ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জিনারুল ইসলাম, বামুন্দী নিশিপুর স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ সাজ্জাদুল ইসলাম স্বপন, গাংনী সিদ্দিকীয়া সিনিয়র আলিম মাদ্রাসার উপাধ্যক্ষ মাওলানা শফিকুল ইসলাম, কলেজ শিক্ষক সমিতির সাংগঠনিক সম্পাদক মকলেচুর রহমান, সদস্য আমিরুল

ইসলাম, কাজিপুর ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মিজানুর রহমান, গাংনী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের সহকারী অধ্যাপক কামরুজ্জামান, করমদি ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক আমজাদ হোসেন, তেরাইল ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক জাবলুন নবী, গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক দিলরুবা খাতুন, তেরাইল জোড়পুকুরিয়া ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মাহবুবুল হক এবং গাংনী পাইলট মডেল স্কুল অ্যান্ড কলেজের প্রভাষক হাতেম আলী।

এছাড়াও গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক রফিকুল ইসলাম, কাজিপুর কলেজের সহকারী অধ্যাপক গোলাম কিবরিয়াসহ উপজেলার বিভিন্ন কলেজ ও মাদ্রাসার শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নির্বাচনি দায়িত্বে দক্ষতা বৃদ্ধিতে পুলিশের প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুরে নির্বাচনি দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পুলিশের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য তিন দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (২১ অক্টোবর) সকালে মেহেরপুর পুলিশ লাইন্সে আয়োজিত প্রশিক্ষণ কর্মশালার ৫ম ব্যাচের উদ্বোধন করেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী।

এই প্রশিক্ষণে জেলার বিভিন্ন ইউনিট থেকে কনস্টেবল থেকে পুলিশ পরিদর্শক পদমর্যাদার মোট ৫০ জন পুলিশ সদস্য অংশগ্রহণ করছেন।

উদ্বোধনী অনুষ্ঠানে অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আতিকুল হকসহ প্রশিক্ষণ কর্মশালার প্রশিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী সদস্যদের নির্বাচনকালীন দায়িত্ব পালনের সময় পেশাগত দক্ষতা, দায়িত্ববোধ ও আচরণগত সক্ষমতা

বৃদ্ধির উপর বিশেষভাবে গুরুত্ব দেওয়া হবে বলে জানানো হয়।

এক দিনে ভৈরব কেড়ে নিল এক শিশু ও দুই যুবকের প্রাণ

এক দিনে মেহেরপুরের ভৈরব নদ কেড়ে নিল এক শিশু ও দুই যুবকের প্রাণ। মেহেরপুরের মুজিবনগর উপজেলার ভৈরব নদের রশিকপুর স্লুইসগেটে গোসল করতে নেমে পানিতে নিখোঁজ হওয়া দুই শিক্ষার্থীর মরদেহ উদ্ধার করেছে খুলনা থেকে আসা ডুবুরি দল।

গতকাল সোমবার রাত সাড়ে ৮টার দিকে নদীর তলদেশ থেকে তাদের মরদেহ উদ্ধার করা হয়।

উদ্ধার হওয়া দুই শিক্ষার্থী হলেন, সদর উপজেলার টেংরামারী গ্রামের আব্দুল হান্নানের ছেলে নিলয় হোসেন এবং সদর উপজেলার আমদহ গ্রামের মহির উদ্দীনের ছেলে কৌশিক। তাদের একজন কলেজ শিক্ষার্থী ও অপরজন মাদ্রাসা শিক্ষার্থী।

মুজিবনগর ফায়ার সার্ভিসের টিম লিডার সেলিম রেজা এ তথ্য নিশ্চিত করেছেন। এবং একই নদের পিরোজপুর এলাকা থেকে মাহবুব নামের ১০ বছর বয়সী আরেকজনের মরদেহ উদ্ধার করে স্থানীয়রা।

জানা গেছে, গতকাল সোমবার বেলা তিনটার দিকে নিখোঁজ দু’জনসহ তাদের আরও ছয় বন্ধু গোসল করতে নামে। হঠাৎ নিলয় ডুবে গেলে কৌশিক তাকে বাঁচাতে যায়, কিন্তু দুজনেই পানির নিচে তলিয়ে যায়।

পরে স্থানীয়দের দেওয়া খবর পেয়ে মুজিবনগর ফায়ার সার্ভিসের টিম লিডার সেলিম রেজার নেতৃত্বে একটি টিম ঘটনাস্থলে পৌঁছে প্রাথমিকভাবে উদ্ধার অভিযান শুরু করে। তবে পর্যাপ্ত উদ্ধার সরঞ্জাম না থাকায় ফায়ার সার্ভিসের দল ব্যর্থ হয়।

পরে খুলনা ডুবুরি দলকে খবর দেওয়া হয়। তারা ঘটনাস্থলে পৌঁছে রাত নয়টার দিকে উদ্ধার কাজ শুরু করে। প্রায় এক ঘণ্টা ধরে অভিযান চালিয়ে কৌশিক ও নিলয়ের মরদেহ উদ্ধার করা হয়। আইনি প্রক্রিয়া

শেষে নিহত দুজনের মরদেহ নিজ নিজ পরিবারের কাছে হস্তান্তর করা হয়।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান বলেন, সন্ধ্যার পর খুলনা ফায়ার সার্ভিসের বিশেষ রিসকিউ (ডুবুরি) দল উদ্ধার কাজ শুরু করে। প্রায় দেড় ঘন্টা পর প্রথমে তানভির ও পরে কৌশিকের মরদেহ উদ্ধার করতে সক্ষম হয়।

স্থানীয়রা জানান, মুজিবনগর উপজেলার রশিকপুর ও রতনপুর গ্রামের সংযোগস্থল এই স্লুইসগেটে পানির সৌন্দর্য দেখতে এসে গত কয়েক বছরে প্রায় আটজনের মৃত্যুর ঘটনা ঘটেছে।

তাদের অভিযোগ, পানি উন্নয়ন বোর্ডের অপরিকল্পিত গেট নির্মাণের কারণেই বারবার প্রাণহানি ঘটছে। কিন্তু এখনও পর্যন্ত টনক নড়েনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের।

স্থানীয়রা আরও বলেন, নদীর ওপর পানি প্রবাহের স্লুইসগেট তৈরি করা হলেও মানুষের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নেওয়া হয়নি।

ফলে জীবনের ঝুঁকি নিয়েই সরু স্লুইসগেটের ওপর দিয়ে চলাচল করেন কয়েকটি গ্রামের মানুষ। অনেকেই পানির প্রবাহ দেখতে গিয়ে প্রাণ হারিয়েছেন। বিগত কয়েক বছরে অন্তত আটজনের মৃত্যু হয়েছে বলে জানান তারা।

প্রতি বছরই এখানে মৃত্যুর ঘটনা ঘটলেও প্রশাসনের পক্ষ থেকে স্থানটির সুরক্ষায় কোনো উদ্যোগ নেওয়া হয়নি বলেও অভিযোগ স্থানীয়দের।

এ বিষয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) পলাশ মণ্ডল বলেন, ঘটনার পরপরই আমরা পানি উন্নয়ন বোর্ডকে বিষয়টি জানিয়েছি। অচিরেই সুইসগেটের দুই পাশে সতর্কতামূলক বড় বড় সাইনবোর্ড স্থাপন করা হবে এবং কাউকে সেখানে গোসল করতে দেওয়া হবে না।

তিনি আরও বলেন, নিহত দুই শিক্ষার্থীর পরিবারকে এখন পর্যন্ত কোনো আর্থিক সহায়তা দেওয়ার পরিকল্পনা নেই, তবে ভবিষ্যতে সহায়তার বিষয়টি বিবেচনা করা হতে পারে।

অপরদিকে, মেহেরপুর সদর উপজেলার পিরোজপুরে ভৈরব নদের পানিতে ডুবে মাহাবুবুর রহমান (১০) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

গতকাল সোমবার বিকেলে ঘটনাটি ঘটে। নিহত মাহবুবুর রহমান পিরোজপুর

গ্রামের জল্লাদের ছেলে। স্থানীয়রা জানান, বিকেলে মাহবুব তার কয়েকজন বন্ধুকে নিয়ে ভৈরব নদীর পানিতে নেমে তলিয়ে যায়। পরে স্থানীয়রা খোঁজাখুঁজির মাধ্যমে কিছুক্ষণ পর তার মরদেহ উদ্ধার করে।

মেহেরপুরের ৯ নং ওয়ার্ডে অ্যাড. কামরুল হাসানের গণসংযোগ

মেহেরপুরের ৯ নং ওয়ার্ডে জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এক গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেলে এ গণসংযোগে তিনি স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময় করেন এবং বিএনপ’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত রাষ্টকাঠামো মেরামতের ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন।

গণসংযোগে আরও উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলি, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বিএনপি নেতা নাহিদসহ ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের নেতাকর্মী ও সহযোগী অঙ্গসংগঠনের প্রতিনিধিবৃন্দ।

মেহেরপুরে বিএনপি’র গণসংযোগ ও পথসভা

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে মেহেরপুরে গণসংযোগ ও পথসভা করেছে বিএনপি। গতকাল সোমবার বিকেলে সদর উপজেলার মনোহরপুর গ্রামে কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণের নেতৃত্বে গণসংযোগ ও পথসভা করা হয়।

উজুলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ থেকে একটি মিছিল বের হয়ে মনোহরপুর গ্রামের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। এর আগে সেখানে পথসভা করা হয়। পথসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

তিনি বলেন, মানুষের ভোটের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে বিএনপি ১৭ বছর লড়াই সংগ্রাম করেছে। প্রয়োজনে আবারো করবে। এ দেশ শহীদ জিয়া পরিবারের হাতেই নিরাপদ।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, পৌর বিএনপি’র সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপি’র সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি আলমগীর হোসেন, জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজিব খান প্রমুখ।

মেহেরপুরের সিংহাটিতে তুলার মাঠ দিবস অনুষ্ঠিত

মেহেরপুর সদরের পূর্ব সিংহাটি গ্রামে পরিকল্পিত উপায়ে তুলা চাষ বাড়াতে চাষীদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।গতকাল সোমবার বিকেল ৪ টায় বারাদী ইউনিয়নের পূর্বপাড়া

সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা আঞ্চলিক তুলা উন্নয়ন বোর্ডের আয়োজনে ও মেহেরপুর সদর ইউনিটের সহযোগিতায় এবং রাজস্ব বাজেটের অর্থায়নে অনুষ্ঠিত মাঠ দিবসে প্রধান অতিথি ছিলেন, চুয়াডাঙ্গার প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা সেন দেবাশীষ। বিশেষ অতিথি ছিলেন, সুপ্রিম সীড এর প্রতিনিধি হুমায়ন আহমেদ।

বারাদী ইউনিয়নের ৩০ জন তুলা চাষীদের নিয়ে মাঠ দিবস অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি তার বক্তব্যে তুলা ফসলের ফলন বৃদ্ধির উপায় সম্পর্কে বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন।

অনুষ্ঠান সঞ্চালনা করেন বারাদী অফিসের কটন ইউনিট অফিসার জাকারিয়া ইকবাল।

মেহেরপুরে আদর্শ শিক্ষক ফেডারেশনের স্মারকলিপি প্রদান

বেসরকারি এমপিওভুক্ত স্কুল, কারিগরি ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের বাড়িভাড়া, বেতন, বোনাস এবং চিকিৎসা ভাতা প্রদানের দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান কর্মসূচি পালন করেছে বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন, মেহেরপুর জেলা শাখা।

সোমবার (২০ অক্টোবর) বেলা ১১টার দিকে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে মানববন্ধন শেষে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম বরাবর স্মারকলিপি প্রদান করা হয়। শিক্ষক নেতারা জেলা প্রশাসকের হাতে স্মারকলিপি তুলে দেন।

এ সময় উপস্থিত ছিলেন আদর্শ শিক্ষক ফেডারেশনের সভাপতি মোহাম্মদ আল আমিন ইসলাম (বকুল), মমিনপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ জাবারুল ইসলাম, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক হাসানুজ্জামান, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষক

পরিষদের সভাপতি মো. আইয়ুব আলী, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষক পরিষদের সভাপতি মো. মমিনুজ্জামান, সাধারণ সম্পাদক সৈয়দ মনজুরুল হাসান টুটুল, গাংনী উপজেলা কিন্ডারগার্টেন শিক্ষক পরিষদের সভাপতি মনোয়ার হোসেন, কলেজ শিক্ষক পরিষদের সভাপতি আরিফুল ইসলাম, কারিগরি শিক্ষক পরিষদের সভাপতি আমজাদ হোসেন, পৌর মাধ্যমিক শিক্ষক পরিষদের সভাপতি রফিকুল ইসলাম, অধ্যক্ষ ড. এমদাদুল হক (করমদি কলেজ), এবং মাদ্রাসা শিক্ষক পরিষদের প্রতিনিধি মোহাম্মদ সালেমন প্রমুখ।

এছাড়াও মেহেরপুর জেলার বিভিন্ন উপজেলার শিক্ষক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মানববন্ধনে বক্তারা বলেন, ৪৫% বাড়িভাড়া, ১০০% বোনাস, ১৫০০ টাকা চিকিৎসা ভাতা, এমপিওভুক্তকরণ, অবসরকালীন ভাতা ও কল্যাণ তহবিলের পাওনা আদায়সহ দ্রুত বেতন পরিশোধের ব্যবস্থা করতে হবে।

তারা সরকারের প্রতি এসব দাবিগুলো দ্রুত বাস্তবায়নের আহ্বান জানান।

নরমাল ডেলিভারিকে উৎসাহ দিতে মেহেরপুরে ডিসির উপহার বিতরণ

মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে নরমাল ডেলিভারির মাধ্যমে জন্ম নেওয়া এক নবজাতক কন্যাশিশুর মাকে উপহার ও শুভেচ্ছা জানিয়েছেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম।

আজ সোমবার দুপুরে জেলা প্রশাসক নিজে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে গিয়ে নবজাতকের মা শান্তনা খাতুনের হাতে উপহার সামগ্রী তুলে দেন। শান্তনা মেহেরপুর শহরের ৪ নম্বর ওয়ার্ডের নতুনপাড়ার রাসেল হোসেনের স্ত্রী।

হাসপাতাল সূত্রে জানা গেছে, আজ সোমবার সকালে শান্তনা খাতুন চিকিৎসকদের তত্ত্বাবধানে নরমাল ডেলিভারির মাধ্যমে একটি কন্যা

সন্তানের জন্ম দেন। খবর পেয়ে জেলা প্রশাসক হাসপাতাল পরিদর্শনে এসে নবজাতক ও তার মায়ের খোঁজখবর নেন এবং ফুল ও উপহার সামগ্রী তুলে দেন।

এ সময় জেলা প্রশাসক নবজাতকের নাম রাখেন সারা বিনতে রাসেল এবং তাৎক্ষণিকভাবে শিশুটির জন্মনিবন্ধন সনদ মায়ের হাতে তুলে দেন।

ড. মোহাম্মদ আবদুল ছালাম বলেন, সরকারি হাসপাতালে নরমাল ডেলিভারিকে উৎসাহিত করতে আমরা এই উদ্যোগ নিয়েছি। ভবিষ্যতে যেসব মা নরমাল ডেলিভারি করবেন, তাদের সবাইকে জেলা প্রশাসনের পক্ষ থেকে পুরস্কৃত করা হবে।

এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপপরিচালক আব্দুস সাত্তার, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আর, সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা, সহকারী কমিশনার শেখ তৌহিদুল কবীর, এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. রুমানা হেলালি জুশি।